পাতা

# কি সেবা কিভাবে পাবেন?

*** মিউটেশনের জন্য সহকারী কমিশনার (ভূমি) বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।**

আবেদন ফরমভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট(www.minland.gov.bd)সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার কার্যালয় এবং ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (UISC)থেকে সংগ্রহ করা যাবে।

*** মিউটেশনের আবেদনের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ**

(১) ক্রয়ের ক্ষেত্রে ক্রয়ের মূল দলিলের সার্টিফাইড কপি/ফটোকপি ও প্রয়োজনীয় ভায়া দলিলের সার্টিফাইড কপি/ফটোকপি।

(২) মৃত্যুর ক্ষেত্রে ওয়ারিশ সনদপত্র (অনধিক তিন মাসের মধ্যে ইস্যুকৃত)

(৩) হেবাদানের ক্ষেত্রে হেবা দলিলের কপি

(৪) সংশিস্নষ্ট খতিয়ানের সার্টিফাইড কপি/ফটোকপি।

(৫) ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা।

(৬) আবেদনকারী/প্রতিনিধির ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।

* **মিউটেশন বাবদ খরচঃ ২৫০/-টাকা।**

(আবেদন কোর্ট ফি ৫/- টাকা, নোটিশ জারী ফি ২/- টাকা, রেকর্ড সংশোধন ফি ২০০/- টাকা, ও মিউটেশন খতিয়ান ফি ৪৩/- টাকা)

* **মিউটেশন কার্যক্রম নিষ্পত্তির সময় ও অন্যান্য বিষয়ঃ**

(১) মালিকানার বিষয়ে বিতর্ক না থাকলে আবেদনের তারিখে থেকে সর্বোচ্চ ৪৫(পয়তালিস্নশ) কার্যদিবসের মধ্যে মিউটেশন কার্যক্রম সমাপ্ত করা হবে।

(২) আবেদনকারীকে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউনিয়ন ভূমি অফিসে প্রয়োজনীয় রেকর্ড দেখাতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ে মূল কাগজপত্রসহ উপজেলা ভূমি অফিসে শুনানীতে উপস্থিত হতে হবে।

(৩) আবেদনকারীকে স্বয়ং আবেদন করতে হবে। কোন যৌক্তিক কারনে সমর্থ না থাকলে ÿমতা পত্রের মাধ্যমে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করতে হবে।

(৪) দালাল বা টাউটের মাধ্যমে দাখিলকৃত আবেদন বাতিল করা হবে।

- **নির্ধারিত সময়ে মিউটেশন না হলে অথবা অতিরিক্ত ফি দাবী করলে নিমেণাক্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি অথবা ফোনে অথবা ই-মেইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

**বিঃ দ্রঃ - রশিদ ছাড়া কাউকে টাকা পয়সা দিবেন না।**

আদেশক্রমে
সহকারী কমিশনার (ভূমি),
রামগঞ্জ,লক্ষ্মীপুর ।

**"সকল সময়ে জনগনের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"**

-অনুচ্ছেদ ২১(২)-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

| ক্রঃ নং | বিষয় | আবেদনের পদ্ধতি | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | নামজরী ও জমাভাগ (১ম খন্ড) | ০৫/- টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্রের সংগে এস.এ এবং আর.এস পর্চার সার্টিফাইড কপি, দলিলের নকল এবং রেকর্ড হতে আবেদনকারীর নামে নামজারী ও জমাভাগের স্বপক্ষে ধারাবাহিকভাবে সকল প্রয়োজনীয় কাগজপত্র সহ সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হবে। | আবেদন প্রাপ্তির পর চাহিত তথ্যাদি সঠিক থাকলে ৪৫দিনের মধ্যে নিষ্পত্তি হবে। | |
| ০২ | সায়রাত মহাল | | সায়রাত মহালসমূহ লীজ প্রদান-<br>(ক) ২০ একর পর্যন্ত জলমহাল লীজ প্রদান<br>(খ) হাট-বাজার লীজ প্রদান<br>(গ) খেয়াঘাট লীজ প্রদান<br>(ঘ) বালু মহাল ও অন্যান্য সায়রাত মহাল সম্পর্কে তথ্য প্রেরণ। | |
| ০৩ | মিস কেস/ বিবিধ মোকদ্দমা | নামজারী ও জমাভাগের বিষয়ে কারও কোন আপত্তি থাকলে মঞ্জুরীর ৯০ (নববই) দিনের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) বরাবর ০৫/- টাকার কোর্ট ফিসহ | শুনানী এবং তদন্তের মাধ্যমে চাহিত তথ্যাদি সঠিক থাকলে ২ মাসের মধ্যে নিষ্পত্তি হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যাবতীয় প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। | | |
| ০৪ | অর্পিত সম্পত্তি সংক্রান্ত | অর্পিত সম্পত্তি নবায়ন এর আবেদপত্রে ০৫/- টাকার কোর্ট ফিসহ পূর্বে ইজারার টাকা পরিশোধের ডিসিআর এবং বরাদ্দ পত্রের ফটোকপিসহ আবেদন করতে হবে। | হালসনের নবায়নের ক্ষেত্রে ১৫ দিন এবং একাধিক বৎসর বকেয়ার ক্ষেত্রে ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি হবে। | |
| ০৫ | বাজার চান্দিনা ভিটি | বাজার চান্দিনা ভিটি নবায়নের ক্ষেত্রে ০৫/- টাকার কোর্ট ফি দিয়ে পূর্বের ইজারার টাকা পরিশোধের ফটোকপিসহ আবেদন করতে হবে। | হালসনের নবায়ন এর ক্ষেত্রে ৭ দিন এবং একাধিক বৎসর বকেয়ার ক্ষেত্রে ১৫ (পনের) দিনে নিষ্পত্তি হয়। | |
| ০৬ | বাজার চান্দিনা ভিটি | নতুনভাবে চান্দিনা ভিটি প্রাপ্তির ক্ষেত্রে ০৫/- টাকার কোর্ট ফিসহ প্রকৃত ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটসহ আবেদন করতে হবে। | নতুনভাবে চান্দিনা ভিটি প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা থেকে শুরু করে যাবতীয় কার্যক্রম শেষে মিস কেস নথি সৃজন পূর্বক ০১ (এক) মাসের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে কেস নথি অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। | |
| ০৭ | খাসজমি | নতুনভাবে খাসজমি প্রাপ্তির ক্ষেত্রে ছবিসহ নির্ধারিত ফরমে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটসহ আবেদন করতে হবে। | উপজেলা খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক আবেদনপত্র যাচাই-বাছাই করার সাক্ষাৎকার শেষে প্রকৃত ভূমিহীনদের মাঝে বন্দোবস্ত করা হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | বিবিধ | উর্দ্ধতন কর্তৃপক্ষের অফিস হতে তদন্তের জন্য প্রাপ্ত পত্রের আলোকে ব্যবস্থা গ্রহণ। | উর্দ্ধতন অফিস হতে প্রাপ্ত পত্রের আলোকে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে তদন্ত কার্য সম্পাদন ও প্রতিবেদন প্রেরণ করা হয়। | |
| ১০ | দেওয়ানী মোকদ্দমা | বিজ্ঞ দেওয়ানী আদালত হতে আরজী প্রাপ্তির সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। | সরকারী স্বার্থ জড়িত দেওয়ানী মোকদ্দমার জবাব ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করা হয়। | |